দৈনিক
ইত্তেফাক

তারিখ 10 NOV 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৬

# মুরাদনগরে মাল্টিমিডিয়া শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে লক্ষাধিক শিক্ষার্থী

■ মুরাদনগর (কুমিল্লা) সংবাদদাতা

মুরাদনগর উপজেলায় প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের ৩০৪টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ১ লাখ ৩০ হাজার শিক্ষার্থী বঞ্চিত হচ্ছে মাল্টিমিডিয়া ক্লাস এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয় শিক্ষা থেকে।

সরকার সবকয়টি শিক্ষা প্রতিষ্ঠানে (প্রজেক্টর ভিত্তিক) মাল্টিমিডিয়ার মাধ্যমে সকল বিষয়ে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। কিন্তু নতুন এ তথ্য প্রযুক্তির আওতায় ক্লাস গ্রহণে শিক্ষার্থীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা থাকলেও পাচ্ছে না এই শিক্ষা। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বিদ্যুৎ, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক ও প্রজেক্টর সংকটসহ প্রতিষ্ঠানগুলোর উদাসীনতার কারণেই মাল্টিমিডিয়া ক্লাস ও আইসিটি শিক্ষা থেকে বঞ্চিত হওয়ার মূল কারণ বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা অভিযোগ করেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়টি হাতে-কলমে শিক্ষার বিষয়। তবে শিক্ষার্থীর তুলনায় শ্রেণিকক্ষ কম থাকায় প্রতিনিয়ত বিড়ম্বনায় পড়তে হচ্ছে তাদের। এতে শিক্ষা প্রতিষ্ঠানে এই বিষয়ের উপরে ভালো দখল নিতে না পেরে একটি নির্দিষ্ট সময়ে কিছু সুবিধার বিনিময়ে আমাদেরকে শিক্ষকের বাসায় সময় দিতে হচ্ছে। তবে দরিদ্র ছাত্ররা এ সুবিধা নিতে পারছে না।

উপজেলা শিক্ষা কর্মকর্তা এএনএম মাহবুব আলম জানান, প্রাথমিক বিদ্যালয়ে এ বছর থেকে মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে সরকার। ২০৪টি বিদ্যালয়ের মধ্যে ২১টিতে ল্যাপটপ, ২৪টিতে প্রজেক্টর ও ৬৯ জন শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। প্রয়োজনের তুলনায় ল্যাপটপ, কম্পিউটার, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক, শ্রেণিকক্ষ সংকট ও ১'শ স্কুলে বিদ্যুৎ না থাকায় শতভাগ মাল্টিমিডিয়া ক্লাসের মাধ্যমে শিক্ষা দেওয়া যাচ্ছে না। আগামী বছরের মধ্যে প্রতিটি ক্লাস মাল্টিমিডিয়ার আওতায় আনার জন্য কাজ চালিয়ে যাচ্ছি।